

আল-গাশিয়া | Al-Ghashiya | الْغَاشِيَةِ

আয়াতঃ ৮৮ : ১১

আরবি মূল আয়াত:

لَا تَسْمَعُ فِيهَا لِأَغْيَةٍ ﴿١١﴾

অনুবাদসমূহ:

সেখানে তারা শুনবে না কোন অসার বাক্য। — আল-বায়ান

সেখানে শুনবে না কোন অনর্থক কথাবার্তা, — তাইসিরুল

সেখানে তারা অবাস্তুর বাক্য শুনবেনা। — মুজিবুর রহমান

Wherein they will hear no unsuitable speech. — Sahih International

১১. সেখানে তারা অসার বাক্য শুনবে না(১),

(১) অর্থাৎ জান্নাতে জান্নাতীরা কোন অসার ও মর্মস্ফূটন কথাবার্তা শুনতে পাবে না। মিথ্যা, কুফরী কথাবার্তা, গালিগালাজ, অপবাদ ও পীড়াদায়ক কথাবার্তা সবই এর অন্তর্ভুক্ত। অন্য আয়াতে বলা হয়েছে, (لَا يَسْمَعُونَ فِيهَا) “সেখানে তারা ‘শান্তি’ ছাড়া কোন অসার বাক্য শুনবে না এবং সেখানে সকালসন্ধ্যা তাদের জন্য থাকবে জীবনোপকরণ।” [সূরা মারইয়াম: ৬২] আরও এসেছে, (لَا يَسْمَعُونَ فِيهَا) “সেখানে তারা শুনবে না কোন অসার বা পাপবাক্য”। [সূরা আল-ওয়াকি'আহ: ২৫] আরও বলা হয়েছে, (لَا يَسْمَعُونَ فِيهَا لَغْوًا وَلَا كِذَابًا) “সেখানে তারা শুনবে না অসার ও মিথ্যা বাক্য” [সূরা আন-নাবা: ৩৫] এ থেকে জানা গেল যে, দোষারোপ ও অশালীন কথাবার্তা খুবই পীড়াদায়ক। তাই জান্নাতীদের অবস্থায় একে গুরুত্ব সহকারে বর্ণনা করা হয়েছে।

তাফসীরে জাকারিয়া

১১। সেখানে তারা কোন অসার বাক্য শুনবে না।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5978>